

যদি আপনি কোনো পেশাগত নয় এমন অসুস্থতা বা আঘাতের কারণে কাজ করতে অসমর্থ হন, তবে আপনি প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহ পেতে পারেন।

1. আপনি কাজ ব্যতীত আঘাত বা অসুস্থতার জন্য (গর্ভাবস্থার কারণে প্রতিবন্ধিতা সহ) প্রতিবন্ধিতার অষ্টম দিন থেকে শুরু করে সংবিধিবদ্ধ প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহ পাওয়ার অধিকারী হতে পারেন। প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহ আপনার নিয়োগকর্তার মাধ্যমে **নয়** বরং আপনার নিয়োগকর্তার বিমাকারীর দ্বারা **সরাসরি আপনাকে** প্রদান করা হয়, যদি না আপনার নিয়োগকর্তা একজন অনুমোদিত স্ব-বিমাকারী (সেলফ-ইন্সুরার) হন। আপনি আপনার গড় সাপ্তাহিক মজুরির 50%, প্রতি সপ্তাহে সর্বোচ্চ 170 মার্কিন ডলারে সীমাবদ্ধ 26 সপ্তাহ পর্যন্ত প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহ নিতে পারেন। সাধারণত, আপনার গড় সাপ্তাহিক মজুরি হলো প্রতিবন্ধিতা শুরু হওয়ার আগে আপনার গত আট সপ্তাহের মজুরির গড়। আপনার নিয়োগকর্তা বা ইউনিয়ন বিভিন্ন সুবিধা দিতে পারেন যা অনুমোদিত প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহ পরিকল্পনা বা চুক্তির অধীনে অন্তত সংবিধিবদ্ধ হিসাবে অনুকূল।
2. আপনি যদি মজুরি সহ পারিবারিক ছুটিও নেন, তবে আপনার সম্মিলিত মোট প্রতিবন্ধিতার ছুটি এবং মজুরি সহ পারিবারিক ছুটি যেকোনোটি একটানা 52-সপ্তাহের মধ্যে 26 সপ্তাহের বেশি হতে পারে না। আপনি একই সময়ে মজুরি সহ পারিবারিক ছুটি এবং প্রতিবন্ধিতার ছুটি নিতে পারবেন না।
3. যেকোনো চিকিৎসক, পিডিয়াট্রিস্ট, চিরোপ্যাঙ্কটর, ডেন্টিস্ট, মিডওয়াইফ নার্স বা মনোবিজ্ঞানীর দ্বারা আপনার চিকিৎসা করানো যেতে পারে যারা আপনার প্রতিবন্ধিতাকে প্রত্যয়িত করতে পারেন। যদি আপনার নিয়োগকর্তা এবং/অথবা ইউনিয়ন অনুমোদিত প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহ পরিকল্পনা বা চুক্তির অধীনে চিকিৎসা বিলগুলি প্রদানের ব্যবস্থা না করে, তবে আপনার মেডিক্যাল বিলগুলি আওতায় আনা হয় না।
4. আপনার নিয়োগকর্তা আপনাকে আপনার প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহের অধিকার পরিত্যাগ করতে **না** বলতেও পারেন। বিমা প্রিমিয়াম অফসেট করতে নিয়োগকর্তারা সর্বোচ্চ 60 সেন্ট/সপ্তাহের অবদান সংগ্রহ করতে পারেন (যদি না অতিরিক্ত অবদান একটি অনুমোদিত পরিকল্পনার অংশ হয়)। **প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহের অনুরোধ বা গ্রহণ করার জন্য আপনার প্রতি বৈষম্য করা বা আপনার উপর প্রতিশোধ নেওয়া যাবে না।**
5. যদি আপনার দাবি অস্বীকার করা হয়, তবে আপনার নিয়োগকর্তা বা নিয়োগকর্তার বিমাকারীকে আপনার দাবি দাখিলের 45 দিনের মধ্যে আপনাকে সুবিধাগুলি প্রদান না করার কারণ (গুলি) সহ একটি **প্রত্যখ্যানের নোটিশ (ফরম DB-451)** পাঠাতে হবে। আপনি যদি অসম্মত হন, তবে আপনার নিউ ইয়র্ক স্টেট শ্রমিকের ক্ষতিপূরণ বোর্ড (বোর্ড) দ্বারা পর্যালোচনার অনুরোধ করার অধিকার রয়েছে, যা আপনি নীচের ডানদিকের ঠিকানায় বোর্ডের কাছে লিখে অনুরোধ করতে পারেন।

গুরুত্বপূর্ণ: যদি, আপনার দাবি দাখিল করার 45 দিনের মধ্যে, আপনি সুবিধাগুলি না পান এবং একটি **ফরম DB-451** না পান, তবে অবিলম্বে (877) 632-4996 নম্বরে বোর্ডের সাথে যোগাযোগ করুন।

একটি দাবি দাখিল করতে:

1. বোর্ড থেকে wcb.ny.gov ওয়েবসাইটে অথবা আপনার নিয়োগকর্তা, আপনার নিয়োগকর্তার বিমাকারী, অথবা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে একটি **প্রতিবন্ধিতার সুবিধার দাবির নোটিশ ও প্রমাণ (ফরম DB-450)** নিন।
2. ফরমটি পূরণ/জমা দিতে নির্দেশাবলী অনুসরণ করুন, যার মধ্যে একটি বিভাগ রয়েছে যা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে অবশ্যই পূরণ করতে হবে।
3. আপনার প্রতিবন্ধিতা শুরুর প্রথম দিন হতে 30 দিনের মধ্যে ফরমটি জমা দিন। যদি আপনার দাবি অবিলম্বে পরিশোধ করা না হয়, তবে আপনার নিয়োগকর্তা বা তাদের বিমাকারীর সাথে যোগাযোগ করুন। আপনি দেরিতে দাখিল করলে, আপনার দাখিল করার তারিখের দুই সপ্তাহের বেশি কোনো প্রতিবন্ধিতার সময়ের জন্য আপনাকে অর্থ প্রদান করা নাও হতে পারে। বিলম্বে দাখিল বিবেচনা করা হতে পারে যদি আপনি দেখাতে পারেন যে এটি আগে দাখিল করা মুক্তিসঙ্গতভাবে সম্ভব ছিল না। আপনি প্রতিবন্ধিতা শুরু হওয়া বা আপনার কাজে ফিরে আসার 26 সপ্তাহ বেশি সময়ের পরে যদি আপনি দাখিল করেন, তবে কোনো সুবিধা প্রদান করা হবে না।

ধরে নিবেন না যে আপনার নিয়োগকর্তা আপনার পক্ষে একটি দাবি দাখিল করেছেন; দাবি দাখিল করা আপনার দায়িত্ব।

দ্রষ্টব্য: আপনার প্রতিবন্ধিতা যদি অটোমোবাইল দুর্ঘটনার ফলে হয় এবং আপনি ক্রটি-মুক্ত (নো-ফল্ট) সুবিধাগুলির জন্য দাখিল করেছেন, তবে **আপনাকে অবশ্যই** প্রতিবন্ধিতার সুবিধাসমূহের জন্যও একটি দাবি **ফরম DB-450** দাখিল করতে হবে। আপনি যদি প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহের জন্য দাবি দাখিল না করেন, তবে ক্রটি-মুক্ত (নো-ফল্ট) বিমাকারী আপনার ক্রটি-মুক্ত পেমেন্টগুলি কমাতে পারে।

গুরুত্বপূর্ণ: এই ক্ষেত্রে, আপনি যদি প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহের অধিকারী না হন, তবে অবিলম্বে ক্রটি-মুক্ত (নো-ফল্ট) বিমাকারীকে জানিয়ে দিন।

একটি দাবি ফরম বা এটা দাখিল করার সহায়তা বা আপনার কাজ-ব্যতীত আঘাত বা অসুস্থতার জন্য সুবিধা সম্পর্কে অন্যান্য প্রশ্নের জন্য অনুগ্রহ করে (877) 632-4996 নম্বরে কল করুন। একজন বোর্ড প্রতিনিধি সহায়তা করবেন।

এই তথ্যটি আপনার অধিকারের একটি সহজ উপস্থাপনা যা প্রতিবন্ধিতা এবং মজুরি সহ পারিবারিক ছুটির সুবিধাসমূহ আইনের (ডিজ্যাভিলিটি অ্যান্ড পেইড ফ্যামিলি লিভ বেনিফিটস ল) দ্বারা 229 অনুসারে প্রয়োজন। আপনার নিয়োগকর্তার প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহ বিমা ক্যারিয়ার হলো:

সভাপতি কর্তৃক নির্ধারিত,
শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড
নিউ ইয়র্ক স্টেট শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড
প্রতিবন্ধিতার জন্য সুবিধাসমূহ ব্যুরো (নিউ ইয়র্ক স্টেট
ওয়ার্কস কম্পেনসেশন বোর্ড ডিজ্যাভিলিটি বেনিফিটস
ব্যুরো)
PO Box 9029, Endicott, NY 13761-9029

WCB.NY.GOV